



তারিখ : ১০-১-২০১৭

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সমাবর্তন উপলক্ষে আনন্দ শোভাযাত্রা

জাতীয় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর এই প্রথম সমাবর্তন (১৭ই জানুয়ারি ২০১৭ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র) উপলক্ষে ১২ই জানুয়ারি বৃহস্পতিবার সকাল ৯:৩০টায় জাতীয় যাদুঘরের সম্মুখ থেকে বিভিন্ন কলেজ ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক-কলেজ অধ্যক্ষ-কর্মকর্তাদের এক 'আনন্দ শোভাযাত্রা'র আয়োজন করা হয়েছে। এটি বাংলা একাডেমি ও দোয়েল চত্বর হয়ে কেন্দ্রীয় শহীদ মিনারে গিয়ে সমাপ্ত হবে। এ 'আনন্দ শোভাযাত্রা'য় নেতৃত্ব দেবেন মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি, ইউজিসি'র মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান ও বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ।

শোভাযাত্রা শেষে মাননীয় শিক্ষামন্ত্রী প্রতিক্রিয়া ব্যক্ত করে বক্তব্য রাখবেন।

(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়